## উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি: জনাব ফারজানা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর
সভার স্থান: সভাপতির কার্যালয়,উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর
সভার তারিখ ও সময়: ১৫/১১/২০২৩ খ্রি: বেলা-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

অদ্য ১৫/১১/২০২৩ খ্রি: তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ফারজানা ইয়াছমিন, এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা প্রকৌশলীকে আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

| ক্র:নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়। | কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়করণ করা হয়। |
| ০২ | উপজেলার বিভিন্ন ইউনিয়নের গুরুত্বপূর্ণ স্থানে সোলার স্ট্রিট লাইট স্থাপন | কমিটির সম্মানিত সদস্য সচিব জনাব মোঃ তৌহিদুর রহমান, উপজেলা প্রকৌশলী, জামালপুর সদর সভাকে জানান, জামালপুর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে বিদ্যুতের ব্যবস্থা না থাকায় খুব অন্ধকার থাকে। যার ফলে সাধারণ মানুষের চলাচলে অসুবিধা হয় এবং বিভিন্ন ধরণের দূর্ঘটনা ঘটে থাকে। এমতাবস্থায় এসব স্থানে সোলার প্যানেলের স্ট্রিট লাইট স্থাপন করা অত্যাবশ্যকীয়। | উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, সভার সভাপতিকে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

15/11/24

(ফারজানা ইয়াসমিন)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি
জামালপুর সদর, জামালপুর

স্মারক নং- তারিখ: ১৫/১১/২০২৩ খ্রি:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

চেয়ারম্যান,উপজেলা পরিষদ, জামালপুর সদর,জামালপুর

২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর,জামালপুর

০৩। জনাব--------------------------------সদস্য, উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি, জামালপুর সদর, জামালপুর

০৪। অফিস নথি।

15.11.23

(মোঃ তৌহিদুর রহমান)
উপজেলা প্রকৌশলী
ও
সদস্য সচিব
উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি
জামালপুর সদর, জামালপুর